

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫(অংশ)-৪২৬

তারিখঃ ৪ কার্তিক ১৪২২  
১৯ অক্টোবর ২০১৫

## পরিপত্র

বিষয়ঃ জাতীয় বেতন স্কেল ২০১৫ এর আদেশ জারীর পর বেতন নির্ধারণের জন্য জাতীয় পরিচয়পত্রের ব্যবহার।

নতুন বেতন স্কেল-এর আদেশ গেজেট আকারে প্রকাশের পর প্রজাতন্ত্রের সকল চাকুরিজীবির বেতন নির্ধারণ (Pay fixation) করার প্রয়োজন হয়, যা একটি দীর্ঘ, শ্রমসাধ্য ও সময়সাপেক্ষ প্রক্রিয়া। আধুনিক তথ্যপ্রযুক্তি ব্যবহার করে এ প্রক্রিয়াকে আরো দ্রুত, সহজ ও নির্ভুল করতে একটি উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যা জাতীয় বেতন স্কেল ২০১৫-এর আদেশ গেজেট আকারে প্রকাশের সাথে সাথে কার্যকর হবে। এ পদ্ধতিতে প্রত্যেক সরকারি চাকুরিজীবিকে ইন্টারনেট ব্যবহার করে নির্ধারিত একটি ওয়েবসাইটে লগ ইন করে নিজ নিজ বেতন নির্ধারণের (Pay Fixation) জন্য নির্দিষ্ট ছক পূরণ করতে হবে। এ কাজে সকলকে আবশ্যিকভাবে নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত জাতীয় পরিচয়পত্র (এনআইডি) নম্বর এবং এনআইডি-তে উল্লিখিত জন্ম তারিখ ব্যবহার করতে হবে।

০২। এ প্রেক্ষাপটে, যে সকল সরকারি চাকুরিজীবির জাতীয় পরিচয়পত্র নেই, তাঁদের অনতিবিলম্বে নির্বাচন কমিশনের নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করে জাতীয় পরিচয় নিবন্ধন করতে পরামর্শ দেয়া হল। একইভাবে, যাদের জাতীয় পরিচয়পত্রের জন্ম তারিখ, নামের বানান ও অন্যান্য তথ্য চাকুরির রেকর্ডে প্রদত্ত তথ্য হতে ভিন্ন, তাঁদের বেতন নির্ধারণের পূর্বেই নিজ উদ্যোগে জাতীয় পরিচয়পত্র আবশ্যিকভাবে সংশোধন করিয়ে নিতে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/১৯.১০.২০১৫  
(মোহাম্মদ মুসলিম চৌধুরী)  
অতিরিক্ত সচিব  
৯৫৮৫১৩৩

বিতরণ (আওতাধীন সকল সরকারি চাকুরিজীবিকে অবহিত করার জন্য):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও ঢাকা
৩. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৬. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৭. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৮. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনাসি বাস, ঢাকা
৯. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
১০. জেলা প্রশাসক, ..... জেলা (সকল)  
(জেলার সকল সরকারি দপ্তরকে জরুরিভিত্তিতে অবহিত করার জন্য)


নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫(অংশ)-৪২৬

তারিখঃ ৪ কার্তিক ১৪২২  
১৯ অক্টোবর ২০১৫

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. অতিরিক্ত সচিব (প্রবারা), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৩. কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স ফাইন্যান্স, সিজিডিএফ-এর কার্যালয়
৪. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা
৫. কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ ও অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা কর্মসূচি, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সিনিয়র তথ্য কর্মকর্তা, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(পরিপত্রটি সংবাদ মাধ্যমকে অবহিত করার অনুরোধ করা হলো)
৭. সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩য় অধীনস্থ সকল হিসাবরক্ষণ অফিস হতে ঐ অফিসের অধিক্ষেত্রভুক্ত সকল দপ্তরের আয়ন-ব্যয়ন কর্মকর্তার নিকট পরিপত্রটির একটি অনুলিপি জরুরিভিত্তিতে প্রেরণের অনুরোধ করা হলো।

  
২৯/১০/২০১৫  
(আবু দাইয়ান মোহাম্মদ আহসানউল্লাহ)  
সিনিয়র সহকারী সচিব